

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪২.১৬.০০৫.২২ -১৯৩৭

তারিখ: ১০ আশ্বিন ১৪৩০
২৫ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: ফেনী জেলার সোনাগাজী উপজেলার ভোয়াগ গ্রামের সামাজিক কবরস্থানের পাশ্ববর্তী পুকুরের ঘাটলা নির্মাণের অসমাপ্ত কাজ সমাপ্তকরণের লক্ষ্যে প্রকল্প গ্রহণ।

সূত্র: জনাব শেখ মোঃ নূর উল্লাহ, সভাপতি, ভোয়াগ সামাজিক কবরস্থান, বি. কম. সুলতান আহমদের বাড়ির দরজা, ভোয়াগ, মতিগঞ্জ, সোনাগাজী, ফেনী এর আবেদন, তারিখ: ০৫ মে ২০২৩।

উপর্যুক্ত বিষয়ে ফেনী জেলার সোনাগাজী উপজেলার ভোয়াগ গ্রামের সামাজিক কবরস্থানের পাশ্ববর্তী পুকুরের ঘাটলা নির্মাণের অসমাপ্ত কাজ সমাপ্তকরণের লক্ষ্যে প্রকল্প গ্রহণের অনুরোধ সম্বলিত সূত্রস্থ আবেদনের ছায়ালিপি এসাথে প্রেরণ করা হলো।

২। উক্ত আবেদনের বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সূত্রস্থ আবেদনের ছায়ালিপি।

২৫/০৯/২৩

মোহাম্মদ সামছুল হক
যুগ্মসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮

Email:lgzp@lgd.gov.bd

১. চেয়ারম্যান, জেলা পরিষদ, ফেনী।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফেনী।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের জন্য]।
৬. জনাব শেখ মোঃ নূর উল্লাহ, সভাপতি, ভোয়াগ সামাজিক কবরস্থান, বি. কম. সুলতান আহমদের বাড়ির দরজা, ভোয়াগ, মতিগঞ্জ, সোনাগাজী, ফেনী।



শেখ মোহাম্মদ সলীম উল্লাহ
সচিব

বরাবর,

সচিব

স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
ওয়েবসাইট: www.fid.gov.bd

ফোন : +৮৮-০২-২২৩৩৫৬৩১৩
মোবাইল : +৮৮-০১৭৭৫-৫৯০৩০০
ফ্যাক্স : +৮৮-০২-৯৫১৩৫০০
ই-মেইল : secretary@fid.gov.bd
salimu_55@yahoo.com

(দৃ. আ.: মোহাম্মদ শামছুল হক, উপসচিব, জেলা পরিষদ, স্থানীয় সরকার বিভাগ।)


বিষয়: কবরস্থানের দেয়াল নির্মাণ এবং পার্শ্ববর্তী পুকুর ঘাট উন্নয়ন প্রসঙ্গে।

মহোদয়,

যথাবিহীত সম্মান প্রদর্শনপূর্বক বিনীত নিবেদন এই যে, ফেনী জেলার সোনাগাজী উপজেলার ভোয়াগ গ্রামটি একটি ঘনবসতিপূর্ণ এলাকা। গ্রামে ভোয়াগ সামাজিক কবরস্থান নামে একটি কবরস্থান রয়েছে। কিন্তু কবরস্থানে চারপাশে কোন দেয়াল না থাকায় কবরস্থানটি রক্ষণাবেক্ষণ করা যাচ্ছে না। এছাড়া, কবরস্থানের পাশের পুকুরে গ্রামের মানুষজন গোসল করে এবং কবর জিয়ারতের জন্য ওজু করে। পুকুর ঘাটটি ভেঙ্গে নষ্ট হয়ে যাওয়ায় এটি ব্যবহারে অনুপোযুক্ত হয়ে পড়েছে। সে প্রেক্ষিতে, অতি জরুরি ভিত্তিতে ভোয়াগ সামাজিক কবরস্থানের সীমানা দেয়াল নির্মাণ ও পার্শ্ববর্তী পুকুরের ঘাট উন্নয়ন করা প্রয়োজন। উক্ত কাজগুলো সম্পন্ন করা জন্য প্রায় ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা প্রয়োজন।

অতএব, মহোদয়ের সমীপে আকুল আবেদন ভোয়াগ সামাজিক কবরস্থানের দেয়াল নির্মাণ এবং কবরস্থানের পার্শ্ববর্তী পুকুরের ঘাট উন্নয়নের জন্য ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

তারিখ: ০৩/০৫/২০২৩ ইং।



বিনীত নিবেদক-

আপনার একান্ত বাধ্যগত,

শেখ মোঃ নূর উল্লাহ

(শেখ মোঃ নূর উল্লাহ)

সভাপতি

ভোয়াগ সামাজিক কবরস্থান

বি.কম. সুলতান আহমদের বাড়ির দরজা

ভোয়াগ; মতিগঞ্জ, সোনাগাজী, ফেনী।

মোবাইল নং- 01814-978074